

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৯৫
আগরতলা, ১১ জুলাই, ২০২৫

নির্বাচন নিবন্ধন আধিকারিকদের (ই.আর.ও.) নিয়ে কর্মশালা

আসন্ন ভোটার তালিকার সংশোধনের প্রক্রিয়াকে সুচারুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তর ৬০টি নির্বাচন ক্ষেত্রের ৬০ জন নির্বাচন নিবন্ধন আধিকারিকদের (ই.আর.ও.) নিয়ে দু'দফায় কর্মশালার আয়োজন করেছে। গত ৫ জুলাই আগরতলার প্রজ্ঞাভবনে প্রথম দফায় ৩০ জন ই.আর.ও.-দের নিয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল।

দ্বিতীয় দফায় আজ বাকি ৩০ জন নির্বাচন নিবন্ধন আধিকারিকদের (ই.আর.ও.) নিয়ে রাজ্য অতিথিশালায় একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হল ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সংশ্লিষ্ট আইনি বিধান সম্পর্কে অবগত করা। এই লক্ষ্যে নির্বাচন কমিশন প্রতিনিয়ত বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। রাজ্য থেকেও বিভিন্ন সময়ে ডি.ই.ও. এবং ই.আর.ও.-রা দিল্লিতে গিয়ে নির্বাচন কমিশন দ্বারা আয়োজিত কর্মশালায় অংশগ্রহণ করেছেন। সম্প্রতি রাজ্যের ৬০ জন বি.এল.ও./ বি.এল.ও. সুপারভাইজার দিল্লিতে কর্মশালায় অংশগ্রহণ করেছেন। তিনি আরও বলেন, এ ধরনের কর্মশালার উদ্দেশ্য হল নির্বাচন সংক্রান্ত সমস্ত ধরনের নিয়ম কানুন সম্বন্ধে ই.আর.ও.-রা যেন পরবর্তী সময়ে বি.এল.ও. সহ নির্বাচনের কাজের সাথে যুক্ত অন্যান্য কর্মীদের প্রশিক্ষণ দেন। বিগতদিনের মত আগামীদিনেও যাতে নির্ভুল ভোটার তালিকা প্রণয়ন করা যায় সেই প্রচেষ্টা নির্বাচন কমিশন চালিয়ে যাচ্ছে। এই কর্মশালায় নির্বাচন সংক্রান্ত সমস্ত নিয়ম কানুন সম্পর্কে ভালো করে জেনে নেওয়ার জন্য তিনি ই.আর.ও.-দের প্রতি আহ্বান জানান। কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক ইউ. জে. মগ। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এক প্রেস নোটের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
